| | | | |
|---|---|---|---|
| ০৩। | প্যানেল চেয়ারম্যান রাড়ুলী ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান রাড়ুলী ইউপি বলেন,রাড়ুলী ইউনিয়নে মালোপাড়া ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। অতিদ্রুত ব্যবস্থা না নিলে নদী গর্ভে বিলিন হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৪। | চেয়ারম্যান গড়ইখালি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান গড়ইখালি ইউপি বলেন,গড়ইখালি আবাসনের রাস্তাটি ভেঙ্গে যাচ্ছে অতিদ্রুত রাস্তাটি মেরামত না করলে বর্ষা মৌসুমে প্লাবিত হতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় |

আলোচনা: ০৫। উপজেলা নির্বাহী অফিসার বলেন,উপজেলা পরিষদ ম্যানুয়ালে উপজেলা পরিষদের কর্মচারীদের ভবিষ্য তহবিলে(সিপিএফ) খোলার বিধান রয়েছে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের ২৭/০৮/২০২৩ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৪৬০ নং স্মারকে উপজেলা পরিষদের কর্মচারী বিধিমালা,২১০এর (৮ম অধ্যায়)বিধি ৪৬-৬৯ অনুসরণ পূর্বক উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের যোগদানের সাথে সাথে ভবিষ্য তহবিল গঠন করা যাবে মর্মে পত্র প্রেরণ করেছেন। সাধারণ ভবিষ্য তহবিল খোলার সাথে সাথে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়কে পত্র প্রেরণ করতে হবে। উপজেলা পরিষদ ৪৭ধারা উল্লেখ আছে,উপজেলা পরিষদের কর্মচারীগণ তাদের মূল বেতনের ১০% এর সমপরিমান চাঁদা তহবিলে প্রদান করিবেন। উক্ত চাঁদা তাহার মাসিক বেতন বিল হইতে কর্তন করিয়া তহবিলে জমা করা হইবে: চাঁদা প্রদান কারী অধিক হারে ও চাঁদা প্রদান করিতে পারিবে। পরিষদ প্রতি মাসে উহার নিজস্ব তহবিল হইতে প্রত্যেক চাঁদা প্রদান কারীর মূল বেতনের ১০% সমপরিমান টাকা চাঁদা তহবিলে প্রদান করিবেন।পরিষদের কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল খোলা ও যোগদানের তারিখ হইতে ১০%হারে চাঁদা কর্মচারীদের হিসাবে প্রদানের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে তাদের যোগদানের তারিখ হইতে প্রত্যেক কর্মচারীর মূলবেতনের ১০% অর্থ তহবিলে জমা করিতে হইবে । পরিষদ এককালীন ১০% অর্থ যোগদানের তারিখ হইতে প্রত্যেক চাঁদা প্রদান কারীর হিসাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা: ০৬। উপজেলা নির্বাহী অফিসার বলেন,২০২৫-২৬ অর্থ বছরে খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। বাজেটটি অনুমোদনের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে বাজেটটি অনুমোদিত হয়।

আলোচনা: ০৭। উপজেলা নির্বাহী অফিসার বলেন,উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে জরুরী ভিত্তিতে আসবাব পত্র ক্রয়,আসবাব পত্র মেরামত,ল্যাপটপ,মনিটর,হলরুমের সাউণ্ড সিস্টেম, চেয়ার মেরামত,সোলার প্যানেল মেরামত করা প্রয়োজন বলে জানানা।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে নীতি মালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৫/২০২৫

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩- ৮৪৪ (৫০) তারিখ ঃ ১৮/০৫/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয়,কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। উপজেলা ............................................ কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। প্রশাসক/চেয়ারম্যান............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ............................................ .পাইকগাছা , খুলনা।

১৮/০৫/২০২৫

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।

CamScanner